

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

বিষয়: ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডি যাটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	A Uniform Resource Locator (URL) সেবার লিংক	মন্তব্য
১	ডিজিটাল পদ্ধতিতে রাষ্ট্রীয় সম্মানী ভাতা শীট প্রস্তুত	যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা পরিবার, শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবার, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা পরিবার (সশস্ত্র বাহিনী, মুজিব বাহিনী, বাংলাদেশ পুলিশ, বিজিবি, কিলো ফ্লাইট, বাংলাদেশ আনসার সদস্য) রাষ্ট্রীয় সম্মানী ভাতা ০৩ (তিন) মাস অন্তর অন্তর ম্যানুয়াল পদ্ধতিতে ভাতা সিট প্রস্তুত করা হতো। এতে করে নানা ধরনের ভুল থাকায় ডাবল ভাতা বা আর্থিক দুর্নীতির সুযোগ থাকতো ও অনেক সময় ব্যয় হতো।  ইতোমধ্যে ০৩(তিন) মাসের পরিবর্তে প্রতিমাসে ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এতে করে ভাতার কার্যক্রম দ্রুত সময়ের শেষ করার নিমিত্ত ভাতা প্রদানের জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এ সফটওয়্যারের মাধ্যমে খুব দ্রুত সময়ে নির্ভুলভাবে রাষ্ট্রীয় সম্মানী ভাতা ভাতাভোগীদের ভাতা সিট (advice sheet) প্রস্তুত করা সম্ভব হচ্ছে।	সেবাটি বাস্তবায়িত হয়েছে ও কার্যকর আছে	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। প্রতি মাসের ভাতা প্রতি মাসেই পেয়ে যাচ্ছেন। কবে নাগাদ ভাতা পাবেন সে ধরনের দুশ্চিন্তা থেকে মুক্ত হয়েছেন।	<a href="https://tmis.bffwt.gov.bd/mis/kt-admin">https://tmis.bffwt.gov.bd/mis/kt-admin</a>	প্রতি মাসের (advice sheet) কম্পিউটার কাউন্সিলের হোস্ট সার্ভারে সংরক্ষিত থাকে। যে কোনো সময় যে কোনো তথ্য অবলোকন ও প্রয়োজনে প্রিন্ট নেয়া যায়। চলমান প্রক্রিয়া